ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 34 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৯০ ● কলকাতা ● ২৯ আষাঢ়, ১৪৩২ ● সোমবার ● ১৪ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ভাঙড়ে রেজ্জাক খুনে পুলিশ গ্রেফতার করল তৃণমূলেরই দাপুটে নেতাকেই



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**ভাঙড়:** ভাঙড়ে রেজ্জাক খুনে অবশেষে ব্রেক থ্রু পুলিশের। গ্রেফতার এলাকার দাপুটে তৃণমূল নেতা মোফাজ্জেল মোল্লা। রেজ্জাকের পাশের বুথের সভাপতি তথা ভাঙড় বিধানসভা তৃণমূল কমিটির সদস্য এই মোফাজ্জেল।ও একজন সাধারণ কর্মী। তবে তাঁর সঙ্গে ছবি বের হওয়া নিয়ে তিনি আবার বলছেন, আমাদের সঙ্গে হাজার

এরপর ৩ পৃষ্ঠায়

# কেষ্ট-গড়ে বিজেপির জয়জয়কার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যে বিধানসভা নির্বাচনের আর কয়েকমাস বাকি। তার আগে কেষ্ট-গড় বীরভূমে বিজেপির জয়জয়কার। সাঁইথিয়াতে ইটাহাট সমবায় সমিতির নির্বাচনে নটি আসনের সবগুলিই জিতল গেরুয়া শিবির। রাজ্যের শাসকদল একটা আসন পেল না। নির্বাচনে অংশগ্রহণ করেছিল বামেরাও। কিন্তু, তারা কোনও দাগ কাটতে পারল না।তৃণমূলের প্রাক্তন জেলা সভাপতি অনুব্রত মণ্ডলের (কেষ্ট) গড় হিসেবে পরিচিত বীরভূম। লোকসভা নির্বাচনে এই জেলার ২টি আসনেই জিতেছে তৃণমূল। আবার একুশের নির্বাচনে বীরভূমের ১১টি আসনের মধ্যে ১০টি পায় ঘাসফুল শিবির। একটি আসনে জেতে বিজেপি। ছাব্বিশের বিধানসভা নির্বাচনে এই জেলায় ফল কী হবে, তা নিয়ে এখন থেকেই শুরু হয়েছে জল্পনা।ইটাহাট সমবায় সমিতিতে মোট ভোটারের সংখ্যা ৯২৮। বিজেপি, তৃণমূল এবং বামেরা নির্বাচনে অংশ নিয়েছিল। এদিন ফল ঘোষণার

এরপর ৩ পাতায়






# ট্রেনিং থেকে অর্জিত প্রশাসনিক দক্ষতাকে কাজে লাগিয়ে কিশোরীর প্রাণ বাঁচালেন সিভিক ভলেন্টিয়ার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আর জি কর থেকে শুরু করে পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া এলাকায় কিশোরের মৃত্যু সহ বিভিন্ন ঘটনায় নাম জড়িয়ে যখন বিতর্কের মুখে এক অংশের সিভিক ভলেন্টিয়ার, তখনই ট্রেনিং থেকে অর্জিত পেশাদারী দক্ষতাকে কাজে লাগিয়ে এক কিশোরীর প্রাণ বাঁচালেন ঝাড়গ্রাম জেলার সিভিক ভলেন্টিয়ার জয়ন্ত মাহাতো।ঘটনা শনিবার, যখন নয়াগ্রাম থানার অন্তর্গত চাঁদাবিলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে (P H C) হৃদয়বিদারক পরিস্থিতি তৈরি হয়।জানা গিয়েছে, এক ১৪ বছরের কিশোরীকে বিষক্রিয়ার কারণে নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হওয়ায় চিকিৎসকরা দ্রুত উন্নততর চিকিৎসার জন্য তাকে টাটানগরে রেফার করেন। পরিবারের লোকজন তাকে গাড়িতে করে টাটানগরের উদ্দেশ্যে নিয়ে রওনা দেন। কিন্তু পথে গাড়িতেই হঠাৎ করে ওই কিশোরীর কার্ডিও-রেসপিরেটেরি জটিলতা দেখা দেয় এবং সে অচেতন হয়ে পড়ে।পরিবার তখন আশেপাশের চিকিৎসার জন্য চাঁদাবিলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। সেসময় ডিউটিতে থাকা নয়াগ্রাম থানার সিভিক ভলান্টিয়ার (CV) নম্বর ৩৪৭২ জয়ন্ত মাহাতো। কিশোরীর অবস্থার গুরুত্ব বুঝে তাৎক্ষণিক CPR প্রয়োগ করেন। ২০২৩ সালের ২৯যশে এপ্রিল খাড়িকামাথানী C R P F ক্যাম্পে অনুষ্ঠিত C P R ও ফার্স্ট-এইড প্রশিক্ষণের ভিত্তিতে জয়ন্ত মাহাতা তাঁর প্রশিক্ষণ অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন। ওই প্রশিক্ষণটি হয়েছিল সেন্ট জনস্ অ্যাম্বুল্যান্স (খড়গপুর)-এর সহায়তায় ও তৎকালীন SDPO গোপীবল্লভপুর, শ্রীকৃষ্ণ গোপাল মীনা (IPS)-এর তত্ত্বাবধানে।

সিভিক ভলেন্টিয়ার জয়ন্ত মাহাতোর দ্রুত এবং দক্ষ ব্যবস্থায় কিশোরী ফের চেতনা ফিরে পায়। এরপর তিনি রোগীর জন্য একটি অ্যাম্বুল্যান্সের ব্যবস্থাও করেন, কারণ তার ক্রমাগত অক্সিজেন সরবরাহের প্রয়োজন ছিল। পরে রোগী ও তার পরিবার সদস্যরা চাঁদাবিলা PHC থেকে অ্যাম্বুল্যান্সে করে টাটানগরের উদ্দেশ্যে রওনা দেন এবং কৃতজ্ঞতা জানান জয়ন্ত মাহাতকে।এই ঘটনা প্রমাণ করল, সঠিক প্রশিক্ষণ এবং সময়োপযোগী পদক্ষেপ অনেক সময় জীবন বাঁচাতে পারে। সিভিক ভলান্টিয়ার জয়ন্ত মাহাতোর ভূমিকায় খুশি স্থানীয় প্রশাসন ও পুলিশ বিভাগ। রবিবার সিভিক ভলেন্টিয়ার জয়ন্ত মাহাতোকে নয়াগ্রাম থানার পক্ষ থেকে পুরস্কৃত করা হয়। পুরস্কার তুলে দেন গোপীবল্লভপুরের এসডিপিও পারভেজ সরফারাজ ও নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষাল।

# নবদ্বীপের হোটেলে আগ্নেয়াস্ত্রসহ ধৃত এক

**অভিজিৎ সাহা, নদিয়া**

নদিয়ার নবদ্বীপের রাধা বাজার এলাকার একটি হোটেল থেকে গোপন সূত্রে খবর পেয়ে নবদ্বীপ থানার পুলিশ আগ্নেয়াস্ত্র, কার্তুজ সহ একজনকে গ্রেফতার করেছে। গত জানুয়ারি মাসে বেআইনি আগ্নেয়াস্ত্র তৈরির সরঞ্জামসহ এক ব্যক্তিকে গ্রেফতার করেছিল নবদ্বীপ থানার পুলিশ মহিশুরা পঞ্চায়েত এলাকা থেকে। মাঝের চড়ার সানজুর শেখ নামে ওই ব্যক্তির বাড়িতে দেশি আগ্নেয়াস্ত্র তৈরি হতো। তার বিরুদ্ধে নদীয়ার তিনটি এবং কালনা থানায় একাধিক অভিযোগ রয়েছে।

তারই পুনরাবৃত নবদ্বীপে এই রাধা বাজার এলাকায় কৃষ্ণনগর কোতোয়ালী থানার

এরপর ৪ পাতায়

# মৃত ছাত্রের বাড়িতে কংগ্রেসের প্রতিনিধি দল

**পার্থ ঝা, মালদা**

মালদার মানিকচকে অষ্টম শ্রেণির ছাত্রের রহস্যজনক মৃত্যুর ঘটনার পর এগারো দিন কেটে গেলেও, এখনও মৃত ছাত্রের দেহ সৎকার করল না পরিবার। এই খবর পেয়ে রবিবার মৃত ছাত্রের বাড়ি গিয়ে পরিবারবর্গের মতোই সুবিচারের দাবী জানালেন দক্ষিন মালদার কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরী।উল্লেখ্য, গত ২রা জুলাই বুধবার গভীর রাতে মানিকচকের এক বেসরকারি স্কুলের হস্টেল ঘর থেকে শ্রীকান্ত মন্ডল নামে ১৪ বছরের অষ্টম শ্রেণির এক ছাত্রের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। ভূতনীর হীরানন্দপুর অঞ্চলের কেদারটোলার ওই



ছাত্রের হস্টেল ঘরে অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় বিদ্যালয় কর্তৃপক্ষ আত্মহত্যার দাবী করেন। এমনকি ময়নাতদন্তের রিপোর্টেও আত্মহত্যার কথা উল্লেখ করা হয়েছে বলে খবর। কিন্তু আত্মহত্যার দাবী মানতে নারাজ মৃত ছাত্রের পরিবারবর্গ। তাদের দাবী শ্রীকান্তকে স্কুলে নির্যাতন করে মারা হয়েছে। তাই তারা স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবীতে মৃত ছায়ের দেহ বাড়িতেই ফাঁদে সংরক্ষণ করে রেখেছেন গত ১১ দিন ধরে। এই খবর পেয়ে রবিবার মৃত ছাত্রের বাড়ি ভূতনীর হীরানন্দপুর অঞ্চলের কেদারটোলা এলাকায় যান দক্ষিন মালদার কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরা এবং মানিকচকের প্রাক্তন কংগ্রেস বিধায়ক মোত্তাকিন আলম।' তারা প্রথমে মৃত ছাএর শোক-সন্তপ্ত পরিবারবণের সন্দে কথা বলেন। তাদের মুখ থেকে গোটা ঘটনার বিবরুণ শোনেন। এরপর পরিবারবর্গের মতোই তারাও সুবিচারের দাবীতে মৃত ছানের দেহ দ্বিতীয়বার ময়নাতদন্ত করা সহ গোটা ঘটনার সঠিক তদন্ত দাবী করেন।






(১ম পাতার পর)

# কেষ্ট-গড়ে বিজেপির জয়জয়কার

পর দেখা যায়, এই সমবায় নির্বাচনে তেমন ছাপ ফেলতে পারেনি তৃণমূল ও বামেরা। সব আসনে জেতার পর উচ্ছ্বাসে মেতে ওঠেন বিজেপি কর্মীরা। গেরুয়া আবির খেলেন। পরস্পরকে মিষ্টিমুখ করান বিজেপি কর্মীরা। মিছিলও করেন তাঁরা।

সমবায় সমিতিতে জয়ের পর বোলপুর সংগঠনিক জেলার বিজেপি সভাপতি শ্যামাপদ মণ্ডল বলেন, "তৃণমূলের শক্ত ঘাঁটি অনেকদিন আগেই ভেঙে গিয়েছে। এখন গা-জোয়ারি ঘাঁটি বলতে পারেন। যেখানে ভোট হয়েছে, তৃণমূল গা-জোয়ারি করেছে। পুলিশকে ব্যবহার করেছে। কিন্তু, যেখানে মানুষ ভোট দিতে পেরেছেন, সেখানে তৃণমূল হেরেছে।"

তিনি আরও বলেন, "বীরভূম জেলার মধ্যে ময়ূরেশ্বর বিজেপির শক্ত ঘাঁটি। আমরা সব আসনে জেতার ব্যাপারে আশাবাদী ছিলাম। তৃণমূলের নেতারা এখানে রাজনীতির নামে প্রহসন চালায়। তবে শুধু এখানে নয়, মানুষ যেখানেই ভোট দিতে পারবেন, সেখানেই বিজেপি জিতবে।"

সমবায় সমিতির ভোটে পরাজয় নিয়ে বীরভূমে তৃণমূলের কোর কমিটির সদস্য কাজল শেখ বলেন, "আমরা ৩৬৫ দিন মানুষের পাশে থাকি। ফলে যেখানে এই ফল হয়েছে, সেখানকার তৃণমূল নেতৃত্বের ব্যর্থতা রয়েছে। স্থানীয় নেতাদের কিছু কিছু ব্যর্থতা রয়েছে। তবে এর প্রভাব ছাব্বিশের নির্বাচনে পড়বে না। আমরা ১১টি আসনেই জিতব।"

(১ম পাতার পর)

# ভাঙড়ে রেজ্জাক খুনে পুলিশ গ্রেফতার করল তৃণমূলেরই দাপুটে নেতাকেই

হাজার লোক থাকে। কে কখন ছবি তুলছে তা দিয়ে কী সবটা বিচার করা যাবে! তবে তাঁর জোরালো দাবি, এর পিছনে আইএসএফের হাত রয়েছে।এলাকায় এই মোফাজ্জলের মারাত্মক প্রভাব ছিল। ভাঙড় বিধানসভার তৃণমূলের যে বিধানসভা কমিটি ছিল তাঁরও সদস্য এই মোফাজ্জেল। কিন্তু, বর্তমানে রেজাক্কের দাপট বাড়তেই হিংসা করতে শুরু করে মোফাজ্জেল। ধৃতকে জেরা করে কাশীপুর থানার পুলিশ এমনটাই জানতে পেরেছেন বলে খবর।

মোফাজ্জেলের কাজ চলত মূলত চালতাবেড়িয়া এলাকায়। তবে ধৃতকে জেরা করে আরও তথ্য পেতে চাইছেন তদন্তকারীরা। উত্তর কাশিপুর থানার পাশাপাশি কলকাতা পুলিশের গোয়েন্দা দফতরের গুন্ডা দমন শাখা এবং স্পেশ্যাল ব্রাঞ্চের দুঁদে অফিসাররা এই ঘটনার তদন্ত করছেন। সূত্রের খবর, দীর্ঘদিন থেকেই বিবাদ চলছিল রেজ্জাকের সঙ্গে।

তবে মোজাজ্জেল নিজে গুলি চালায়নি, লোক ভাড়া করে খুন করে বলে পুলিশ প্রাথমিকভাবে জানতে পেরেছে। অভিযুক্ত পুলিশকে জানিয়েছেন, রাজনৈতিক ভাবে এলাকা দখল করার জন্য এই কাজ করেছে। রাজনৈতিকভাবে রেজ্জাক খাঁ এর উত্থান মেনে নিতে পারেননি বলেই এই ঘটনা ঘটিয়েছেন।কিছুদিন আগে ভাঙড় বিজয়গঞ্জ বাজারের সভাপতি করা হয়েছিল রেজ্জাক খাঁ-কে। তাতেও রুষ্ট হয়েছিল এই মোফাজ্জেল।

কারণ সেও দীর্ঘদিন থেকে এই বাজার দেখাশোনা করতো। কিন্তু, তাকে ব্যতিরেকে রেজ্জাকে দায়িত্ব দেওয়ায় তা মেনে নিতে পারেননি মোফাজ্জেল। হিংসা পারতে থাকে রেজ্জাকের উপর। যদিও ধৃতকে জেরা করে আরও তথ্য পেতে চাইছে পুলিশ।

এদিকে শুরু থেকেই এ ঘটনায় আইএসএফের বিরুদ্ধে অভিযোগের আঙুল তুলছিল তৃণমূল। কিন্তু এখন তৃণমূলেরই লোক ধরা পড়ায় তা নিয়ে শুরু হয়েছে চাপানউতোর। যদিও মোফাজ্জেলকে বুথ সভাপতি বলে মানতে নারাজ শওকত। তিনি বলছেন, ও বিধানসভা কমিটির সদস্যও নয়।

# চতুর্থ শ্রেণির এক পড়ুয়াকে দিনের পর দিন শ্লীলতাহানির অভিযোগে স্কুলের এক শিক্ষকের বিরুদ্ধে

প্রতিদিন ছুটির পর স্কুলের ছাদের ক্লাসরুমে নিয়ে যেতেন শিক্ষক। বলতেন যে বিষয়ে কমজোরি, তাকে স্পেশ্যালি পড়াবেন। ক্লাস ফোরের বাচ্চাটা ওতো বুঝত না। অভিযোগ, সেই ফাঁকা ক্লাসরুমে ঢুকেই তার শরীর বাজেভাবে স্পর্শ করতেন শিক্ষক।নির্যাতিতা পড়ুয়ার স্বাস্থ্য পরীক্ষা করানো হয়েছে। অভিযোগ, মাঝেমধ্যেই ক্লাসের শেষে ছাত্রীকে ডেকে স্কুলের ছাদের ফাঁকা ক্লাসরুমে নিয়ে গিয়ে শ্লীলতাহানি করতেন ওই শিক্ষক। ভয়ে ছাত্রী স্কুলে আসতে না চাওয়ায় অবশেষে

এরপর ৬ পাতায়

# ধূপগুড়ি প্রেস ক্লাবের সাধারণ সম্মেলন সম্পন্ন, গঠিত নতুন কমিটি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**আলিপুরদুয়ার :** ধূপগুড়ি প্রেস ক্লাবের দ্বিবার্ষিক চতুর্থ বর্ষ সাধারণ সম্মেলন অনুষ্ঠিত হলো জলপাইগুড়ি জেলা পরিষদের মধুবনী ইকো পার্কে, যা ধূপগুড়ি মহকুমার বানারহাট ব্লকে অবস্থিত। এদিনের সম্মেলনে ডুয়ার্সের মাল ও ধূপগুড়ি মহকুমার পাশাপাশি আলিপুরদুয়ার জেলার মাদারিহাট-বীরপাড়া ও ফালাকাটা ব্লক থেকে প্রায় ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সম্মেলনের সূচনা হয় প্রেস ক্লাবের পতাকা উত্তোলনের মাধ্যমে। এরপর কাশ্মীরের পেহেলগাঁওয়ে নিহতদের স্মরণে ও প্রয়াত সাংবাদিকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। বিদায়ী সম্পাদক কৌস্তভ ভৌমিক তাঁর সম্পাদকীয় প্রতিবেদন পাঠ করেন, যা নিয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি, বিগত দুই অর্থবছরের আয়-ব্যয়ের হিসাবও সম্মেলনে পেশ করা হয়।

সর্বসম্মতিক্রমে গঠিত হয় নতুন ১৩ সদস্যের কমিটি। নতুন কমিটিতে সভাপতি হিসেবে নির্বাচিত হন সনজিত দে, সম্পাদক হন সপ্তর্ষি সরকার এবং কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পান কৌস্তভ ভৌমিক।

নবনির্বাচিত সম্পাদক সপ্তর্ষি সরকার জানান, আগামী দুই বছরে ধূপগুড়ি প্রেস ক্লাবের স্থায়ী ভবন নির্মাণ, সাংবাদিকদের জন্য জীবন বিমা ব্যবস্থা ও অন্যান্য পেশাগত সমস্যার সমাধানে গুরুত্ব দিয়ে কাজ করবেন। তিনি আশা প্রকাশ করেন, নবগঠিত কমিটির সমন্বিত উদ্যোগে প্রেস ক্লাব আরও সক্রিয় ও সংগঠিত হয়ে উঠবে।

## সম্পাদকীয়

### নির্বাচন কমিশন বিহারের প্রায় সকল ভোটারের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করেছে

বিহারে ৭৭,৮৯৫ জন বিএলও এবং আরও ২০,৬০৩ জন নবনিযুক্ত বিএলও নিয়ে নির্বাচন কমিশন ২৫ জুলাই ২০২৫ তারিখের নির্ধারিত সময়ের অনেক আগেই গণনা ফর্ম (ইএফ) সংগ্রহ সম্পন্ন করার লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। এই উদ্দেশ্যে সিইও কর্তৃক নিয়োজিত ৩৮ জন জেলা নির্বাচন কর্মকর্তা (ডিইও), নির্বাচনী নিবন্ধন কর্মকর্তা (ইআরও) এবং ৯৬৩ জন সহকারী ইআরও (এআরও) নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন।

নির্বাচন কমিশনের এই প্রচেষ্টার সঙ্গে সকল রাজনৈতিক দল কর্তৃক নিযুক্ত ১.৫ লক্ষ কর্মী বিএলএ-এর সম্পূরক হিসেবে কাজ করছেন, যাঁরা ২৪ জুন ২০২৫ তারিখে বিহারের ভোটার তালিকায় নাম থাকা প্রত্যেক ভোটারের নাম অন্তর্ভুক্ত করার জন্য বাড়িতে বাড়িতে গিয়ে কাজ করছেন। তাছাড়া ৪ লক্ষেরও বেশি স্বেচ্ছাসেবক প্রবীণ নাগরিক, প্রতিবন্ধী ভোটার এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলিকে সাহায্য করার জন্যও বিশেষ প্রচেষ্টা চালাচ্ছেন।

ইতিমধ্যেই ইএফ এর ১০০% মুদ্রণ সম্পন্ন হয়েছে। ভোটারদের ঠিকানায় পাওয়া প্রত্যেক ভোটারের কাছে ইএফ বিতরণের প্রক্রিয়া প্রায় সমাপ্তির পর, আজ সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত ইএফ সংগ্রহ ৬,৩২,৫৯,৪৯৭ বা ৮০.১১% ছাড়িয়ে গেছে। অর্থাৎ, বিহারের প্রতি ৫ জন ভোটারের মধ্যে ৪ জন ইএফ জমা দিয়েছেন। এই গতিতে কাজ চললে, বেশিরভাগ ইএফ ২৫ জুলাই ২০২৫ এর অনেক আগেই সংগ্রহ করা সম্ভব হবে।

১ আগস্ট প্রকাশিতব্য খসড়া ভোটার তালিকায় তাঁদের নাম অন্তর্ভুক্ত করার জন্য, ভোটারদের যোগ্যতার নথিপত্র সহ তাঁদের ইএফ জমা দিতে হবে।যদি কোনও ভোটারের যোগ্যতার নথিপত্র জমা দেওয়ার জন্য আরও সময় প্রয়োজন হয়, তবে তিনি ৩০ আগস্ট পর্যন্ত অর্থাৎ দাবি এবং আপত্তি দাখিলের শেষ তারিখ পর্যন্ত আলাদাভাবে জমা দিতে পারেন এবং স্বেচ্ছাসেবকদের সাহায্যও নিতে পারেন।

ইতিমধ্যেই আরও একটি ধাপ এগিয়ে, বিএলও-রা ১২ জুলাই, ২০২৫ সন্ধ্যা ৬ টা পর্যন্ত ইসিআইনেট-এ ৪.৬৬ কোটি গণনা ফর্ম ডিজিটাইজড এবং আপলোড করেছেন। ইসিআইনেট হল নতুনভাবে তৈরি সমন্বিত সফ্টওয়্যার যা আগে চালু থাকা ৪০ টি ইসিআই অ্যাপকে একত্রিত করেছে।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)



এসেছেন অন্নদা ঠাকুর। কবিরাজি পাশ করার প্র্যাকটিস করবেন এমন ঠিক করেছেন। এমন সময় রামকৃষ্ণদেব তাঁকে বলেছিলেন তোমার কবিরাজি ব্যবসা হবে না। ঠাকুর অন্নদাকে নির্দেশ দিয়েছিলেন ইডেন গার্ডেন্সের ঝিলে আদ্যা মা পড়ে আছেন। ওখান থেকে মাকে উঠিয়ে নিয়ে এসো।

অন্নদা ঠাকুর ঝিলে খোঁজাখুঁজি করতে ১৮ ইঞ্চি আদ্যা মায়ের কষ্টিপাথরের মূর্তি পান। সেদিন ছিল রামনবমী তিথি। রাতে মা তাঁকে দেখা দিয়ে বলেন, অন্নদা কাল বিজয়া দশমী। তুমি আমায় গঙ্গায় বিসর্জন দিও। এই কথা শুনে অন্নদা আঁতকে উঠে বলেন, আমি কি পুজোপাঠ করিনি বলে তিনি রাগ করে চলে যাচ্ছেন ? তখন মা বলেন, না তা নয়। আমি শুধু শাস্ত্র বিহিত মতে পুজো পেতে চাই তা নয়। মা খাও, মা পড়ো - এমন সহজ সরল প্রাণের ভাষায় যে ভক্ত নিজের ভোগ্যবস্তু এবং ব্যবহার্য বস্তু আমাকে নিবেদন করেন, সেটাই আমার পুজো। যদি কোনও ভক্ত আমার সামনে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# নবদ্বীপের হোটেলে আগ্নেয়াস্ত্রসহ ধৃত এক

অন্তর্গত গঙ্গাবাসের বাসিন্দা আব্বাস আলী শেখ ওরফে আকাশকে গ্রেফতার করে পুলিশ। একটি হোটেলের দু তিনজন জড়ো হয়েছিল তাদের কাছে বিভিন্ন অস্ত্র রয়েছে। খবর পেয়ে পুলিশ ওই হোটেলে তল্লাশি শুরু করে। আকাশের কাছ থেকে নাইন এমএম পিস্তল, ৬ রাউন্ড গুলি, দুটি ম্যাগাজিন, একটি স্কুটি এবং দুটি মোবাইল আটক করেছে পুলিশ। ধৃতকে শনিবার ১২ই জুলাই নবদ্বীপ আদালতে তোলা হলে বিচারক পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন। নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারি জানান ওই যুবকের বিরুদ্ধে কোতোয়ালি থানায় মামলা আছে, জিজ্ঞাসাবাদ করা হবে, কোথা থেকে অস্ত্র সংগ্রহ করত এবং কাদের কাছে সরবরাহ করত ওই রাতে কি উদ্দেশ্য নিয়ে হোটেলে এসেছিল তাও জিজ্ঞাসাবাদ করার চেষ্টা চলছে।

জনসাধারণ বলছেন শান্ত প্রিয় নবদ্বীপ শহরে বেআইনি অস্ত্র সরবরাহ এবং চুরির পরিমাণ বেড়ে যাওয়ার কারণ কি! এটা কিসের ইঙ্গিত দিচ্ছে শহরে, আবার কি পুরনো দিন ফিরে আসবে!

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে কালী-উপাসনাকে একটি সহজ গণধর্মের রূপ দেওয়ার জন্য জনপ্রিয় সাধক কবি রামপ্রসাদের অসংখ্য শাক্তগীতির (এক লক্ষ শ্যামাসঙ্গীত রচেছিলেন তিনি, কথিত আছে) কাছে বাঙালি জাতি কৃতজ্ঞ।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বিহারে ভোটার তালিকা নিয়ে চাঞ্চল্য! (বিধানসভায় নির্বাচনের আগে ভোটার তালিকা সংশোধন)

বেবি চক্রবর্ত্তী

অবৈধ অভিবাসী, আধার-রেশন কার্ডে 'ভুয়ো ভোটার' সন্দেহে তদন্তে নেমেছে কমিশন; সুপ্রিম কোর্টে বিরোধীদের দ্বারস্থ। চলতি বছরের শেষেই বিহারে বিধানসভা নির্বাচন। তার আগেই নির্বাচন কমিশনের উদ্যোগে চলছে বিশেষ ভোটার তালিকা সংশোধনের কাজ। এই 'নিবিড় পর্যালোচনা' ঘিরে ইতিমধ্যেই শুরু হয়েছে তুমুল বিতর্ক। কারণ, সমীক্ষায় উঠে এসেছে এমন এক চাঞ্চল্যকর তথ্য, যা ভোটার তালিকার স্বচ্ছতা নিয়ে বড় প্রশ্ন তুলে দিয়েছে।

নির্বাচন কমিশনের এক অভ্যন্তরীণ সমীক্ষায় উঠে এসেছে, বিহারে বর্তমানে নেপাল, বাংলাদেশ এবং মায়ানমার থেকে আগত বহু মানুষ বসবাস করছেন, যাঁদের অনেকে বেআইনিভাবে আধার কার্ড, রেশন কার্ড, এমনকি আবাসিক শংসাপত্রও সংগ্রহ করেছেন। ব্লক স্তরের আধিকারিকেরা বাড়ি বাড়ি গিয়ে বহু সন্দেহভাজন 'ভোটার'-কে চিহ্নিত করেছেন। কমিশন সূত্র জানিয়েছে, এই সব ঘটনা ১ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত তদন্ত করে দেখা হবে। অভিযোগ প্রমাণিত হলে তাঁদের নাম তালিকা থেকে বাদ দেওয়া হবে।

২৪ জুন থেকে শুরু হওয়া এই 'বিশেষ নিবিড় সংশোধনী'র উদ্দেশ্য হল – যোগ্য নাগরিকদের নাম তালিকাভুক্ত করা এবং অযোগ্য বা অবৈধ নামগুলি মুছে ফেলা। নির্বাচন কমিশনের মতে, বিহারে শেষবার এ ধরনের তালিকা সংশোধন হয়েছিল ২০০৩ সালে। তার পরবর্তী সময়ে নগরায়ন, অভিবাসন, ভোটার হওয়ার বয়সে পৌঁছনো তরুণ প্রজন্ম, মৃত্যুর তথ্যের অভাব এবং বিদেশি নাগরিকদের বেআইনি অন্তর্ভুক্তির কারণে নতুন করে এই উদ্যোগ নেওয়া হয়েছে।



এই প্রক্রিয়াকে ঘিরে রাজনৈতিক চাপানউতোর চরমে। বিরোধী দলগুলি যেমন আরজেডি, কংগ্রেস দাবি করেছে, এটি একপেশে এবং উদ্দেশ্যপ্রণোদিত। তাঁদের অভিযোগ— এই সংশোধনীর আড়ালে নির্বাচনের আগে বিরোধীদের ভোটব্যাংকে কোপ বসানোর চক্রান্ত চলছে। পাল্টা বিজেপি প্রশ্ন তুলেছে, "যদি প্রকৃত ভোটারদের যাচাই হয়, তাহলে আতঙ্ক কিসের?"

বিষয়টি ইতিমধ্যে সুপ্রিম কোর্টে পৌঁছেছে। একাধিক আবেদন জমা পড়েছে – যার মধ্যে রয়েছেন আরজেডি সাংসদ মনোজ ঝা, তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র, ভোট নিরীক্ষা সংস্থা 'অ্যাসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস', এবং মানবাধিকার কর্মী যোগেন্দ্র যাদব।

সর্বোচ্চ আদালতের পর্যবেক্ষণে উঠে এসেছে গুরুত্বপূর্ণ প্রশ্ন— এত কম সময়ে এত বড় আকারে ভোটার যাচাইয়ের কাজ কতটা বাস্তবসম্মত? আদালতের কথায়, "আপনারা প্রকৃত ভোটারদের বাদ না দিয়েই কাজ শেষ করতে পারবেন, এমনটা আমরা নিশ্চিত নই। ভোটের আগে কেউ যদি ভোটাধিকার হারান, এবং তাঁর আপিল করার সুযোগ না থাকে, তবে সেটা গণতান্ত্রিক অধিকার লঙ্ঘনের শামিল।"

আদালত আরও জানিয়েছে যে, আধার বা রেশন কার্ড নাগরিকত্বের প্রমাণ না হলেও, ভোটার যাচাইয়ের নথি হিসেবে এগুলি গ্রহণযোগ্য হতে পারে। যদিও আদালত পুরো প্রক্রিয়াটি স্থগিত করেনি, তবে নির্বাচন কমিশনকে সতর্ক করেছে যে, এই পর্যালোচনা যেন মূল নির্বাচনের প্রক্রিয়া থেকে আলাদাভাবে সম্পন্ন হয়।

এই প্রক্রিয়ার ভবিষ্যত কী হবে, কতজন 'অযোগ্য ভোটার' বাদ পড়বেন, কিংবা আদৌ নির্বাচন নির্ধারিত সময়ে হবে কি না – এখন সেই দিকেই নজর গোটা দেশের।

# অশালীন পোস্টের জেরে বিতর্কিত অধ্যাপককে পথেই পাকড়াও! কলেজস্ট্রিটে উত্তাল পরিস্থিতি

বেবি চক্রবর্ত্তী:কলকাতা

সোশ্যাল মিডিয়ায় একাধিক মহিলা নেত্রীর ছবি দিয়ে কুরুচিকর ভাষায় মন্তব্য করে প্রবল বিতর্কে জড়ালেন সিটি কলেজের গণিত বিভাগের অধ্যাপক রাজদীপ মাইতি। তাঁর পোস্টে থাকা অশালীন ও নিন্দনীয় শব্দচয়ন ঘিরে তীব্র প্রতিক্রিয়া ছড়ায় সমাজের বিভিন্ন স্তরে। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছায় যে, শনিবার কলেজস্ট্রিট এলাকায় তাঁকে রীতিমতো ঘিরে ধরে বাম ছাত্র ও যুব সংগঠন SFI এবং DYFI-এর কর্মীরা। পরে তাঁকে তুলে দেওয়া হয় পুলিশের হাতে।

সূত্রের খবর, সম্প্রতি ফেসবুকে সিপিএম নেত্রী দীপ্সিতা ধর, মীনাক্ষী মুখোপাধ্যায়, এসএফআই নেত্রী ঐশী ঘোষ-সহ একাধিক মহিলার ছবি পোস্ট করে অশালীন মন্তব্য করেন অধ্যাপক রাজদীপ। অভিযোগ, দীর্ঘদিন ধরেই তিনি এই ধরনের কুরুচিকর পোস্ট করে আসছিলেন। বাম ছাত্র-যুব সংগঠনের তরফে একাধিকবার থানায় অভিযোগ জানানো হলেও কোনও ব্যবস্থা না নেওয়ায় ক্ষোভ জমছিল।

সেই ক্ষোভ রাস্তায় গড়ায়। ভাইরাল হওয়া ভিডিও অনুযায়ী, কলেজের সামনেই রাজদীপ মাইতিকে ধরে ফেলেন কয়েকজন বাম কর্মী। তাঁকে ঘিরে বলেন, "আমরা কিছু করব না, শুধু পুলিশের কাছে নিয়ে যাচ্ছি।" এই সময় এক স্থানীয় মহিলা এসে বলেন, "দাদা আমি একটু মারব?" পাশ থেকে উত্তরের সুরে শোনা যায়, "হ্যাঁ, জুতো খুলে, জুতো খুলে।" এরপরেই সেই মহিলা সপাটে চড় কষান রাজদীপ মাইতির গালে।

পুরো ঘটনার ভিডিও মুহূর্তে ভাইরাল হয়ে যায় সোশ্যাল মিডিয়ায়। এরপর অধ্যাপককে আমহার্স্ট স্ট্রিট থানায় নিয়ে গিয়ে পুলিশের হাতে তুলে দেন বাম যুব নেতারা।

ছাত্র-যুবদের বার্তা: "মহিলাদের

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ইউক্রেন যুদ্ধ: রাশিয়ার যেকোনও কাজের প্রতি নিঃশর্ত সমর্থনের ঘোষণা কিমের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইউক্রেন যুদ্ধে রাশিয়ার যেকোনও কাজের প্রতি নিঃশর্ত সমর্থনের ঘোষণা দিয়েছে উত্তর কোরিয়া। দেশটির নেতা কিম জং উন বলেছেন, ইউক্রেন যুদ্ধ নিয়ে রাশিয়া যেকোনও পদক্ষেপ নিক, পিয়ংইয়ং তাতে 'নিঃশর্তভাবে সমর্থন' দেবে।

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভের উত্তর কোরিয়া সফরে এই বার্তা দেন কিম।

চলমান তিন দিনের সফরে দুই দেশের মধ্যে উচ্চপর্যায়ের কৌশলগত আলোচনা হয়েছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে একটি পারস্পরিক প্রতিরক্ষা চুক্তিসহ সহযোগিতামূলক অংশীদারিত্ব চুক্তি রয়েছে। এটি গত বছর স্বাক্ষরিত হয়েছিল। সেই চুক্তির ভিত্তিতেই ল্যাভরভ ও উত্তর কোরিয়ার পররাষ্ট্রমন্ত্রী চো সন হুই দ্বিতীয় দফা কৌশলগত সংলাপ করেছেন।



এছাড়া ওনসান শহরে কিম ও ল্যাভরভ বৈঠক করেছেন। বৈঠকে কিম বলেন, বৈশ্বিক ভূরাজনীতিতে দ্রুত পরিবর্তনের প্রেক্ষাপটে দুই দেশের যৌথ পদক্ষেপ 'বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে'।

উত্তর কোরিয়ার রাষ্ট্রীয় বার্তাসংস্থা কেসিএনএ জানায়, কিম বলেছেন- ইউক্রেন সংকটের মূল কারণ নিরসনে রুশ নেতৃত্ব যে পদক্ষেপ নিচ্ছে, আমরা তা নিঃশর্তভাবে সমর্থন ও উৎসাহ দেব।

এদিকে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় একটি ভিডিও প্রকাশ করেছে, যেখানে কিম ও ল্যাভরভকে হাত মেলাতে ও আলিঙ্গন করতে দেখা গেছে। বৈঠকে কিম আরও বলেন, তিনি "বিশ্বাস করেন রুশ সেনা ও জনগণ নিশ্চয়ই বিজয় অর্জন করবে, কারণ তারা দেশের মর্যাদা ও মৌলিক স্বার্থ রক্ষায় পবিত্র লড়াই করছে।"

কেসিএনএ জানায়, বৈঠকে ২০২৪ সালের জুনে রাশিয়া-উত্তর কোরিয়ার মধ্যকার ঐতিহাসিক শীর্ষ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

(৩ পাতার পর)

## চতুর্থ শ্রেণির এক পড়ুয়াকে দিনের পর দিন শ্লীলতাহানির অভিযোগে স্কুলের এক শিক্ষকের বিরুদ্ধে

ঘটনার কথা জানতে পারেন পরিবারের লোকজনেরা। শনিবার বিকেলে ঢোলাহাট থানায় ওই শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন নির্যাতিতা ছাত্রীর বাবা।চতুর্থ শ্রেণির এক পড়ুয়াকে দিনের পর দিন শ্লীলতাহানির অভিযোগে স্কুলের এক শিক্ষকের বিরুদ্ধে।শনিবার রাতে ওই শিক্ষককে গ্রেফতার করল পুলিশ। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনা জেলার ঢোলাহাট থানা এলাকায়। অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার পকসো আইনে মামলা রুজু করেছে পুলিশ। ধৃতকে আজ দুপুরে কাকদ্বীপ মহাকুমা আদালতে তোলা হয়েছে।

## ভগবান বুদ্ধের প্রথম বাণীকে সম্মান জানাতে সারনাথে পরম শ্রদ্ধায় আষাঢ় পূর্ণিমা উদযাপিত

**নতুন দিল্লি, ১০ জুলাই, ২০২৫**

সংস্কৃতি মন্ত্রক এবং মহাবোধি সোসাইটির সঙ্গে যৌথ উদ্যোগে আন্তর্জাতিক বৌদ্ধ সঙ্ঘ (আইবিসি) সারনাথের ঐতিহাসিক স্থলে পরম শ্রদ্ধায় আষাঢ় পূর্ণিমা উদযাপন করেছে। এই স্থলে ভগবান বুদ্ধের প্রথম বাণীর প্রতি সম্মান জ্ঞাপন করতে দিনটি ধম্মচক্র প্রবর্তন দিবস হিসেবে অনুষ্ঠিত হয়।

মূলাগন্ধ কুটি বিহারে এই উদযাপন অনুষ্ঠানে বিশ্বের নানা প্রান্ত থেকে বিশিষ্ট বৌদ্ধ সন্ন্যাসী, পণ্ডিত এবং ভক্তরা যোগ দেন। বর্ষাবাসের মধ্যে দিয়ে এই অনুষ্ঠানের সূচনা হয়। বর্ষাবাস হল প্রথাগতভাবে একটি ঋতুর প্রতীক, যখন আধ্যাত্মিক অনুশীলন, অনুধ্যান, নিয়মচর্চার মধ্যে দিয়ে কাটে।

ধামিক স্তূপ পরিক্রমার মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। সন্ন্যাসী, প্রব্রাজিকা এবং ভক্তরা মৌনভাবে এই পরিক্রমায় যোগ দেন। অস্তমিত সূর্যের আভায় রাঙায়িত স্তূপটি ভগবান বুদ্ধের শিক্ষা চিরন্তন অনুরণনের এক সাক্ষ্য স্বরূপ হয়ে দাঁড়ায়।

মূলাগন্ধ কুটি বিহারের দায়িত্বপ্রাপ্ত সুস্মিতানন্দ থেরো সমাবেশে বলেন, সারনাথের পবিত্র এই পীঠস্থান শতাব্দীর পর শতাব্দী ধরে ধর্মের আলোকশিখা বয়ে নিয়ে চলেছে।

ভিয়েতনামের প্রব্রাজিকা দিউ ত্রি বলেন, ভগবান বুদ্ধের সংরক্ষিত স্মৃতিচিহ্ন ভিয়েতনামে প্রদর্শনে বিপুল সাড়া পড়ে। সেখানকার ৯টি শহরে তা পরিক্রমায় প্রায় এক কোটি ৭৮ লক্ষ ভক্ত শ্রদ্ধা জানাতে ভিড় করেছিলেন।

সারনাথে আষাঢ় পূর্ণিমা উদযাপনে ভগবান বুদ্ধের চিরন্তন শিক্ষা আরও একবার ধ্বনিত হয়। জ্ঞান, ভালবাসা এবং সহাবস্থানের পথ অনুসরণের জন্য বিশ্বকে তা আমন্ত্রণ জানায়।

(৫ পাতার পর)

## অশালীন পোস্টের জেরে বিতর্কিত অধ্যাপককে পথেই পাকড়াও! কলেজস্ট্রিটে উত্তাল পরিস্থিতি

অসম্মান বরদাস্ত নয়"

ঘটনার পর DYFI নেতা বলেন, "একজন অধ্যাপক যদি এভাবে নারী বিদ্বেষী আচরণ করেন, তবে তাঁর শিক্ষাদানের অধিকার নিয়ে প্রশ্ন ওঠে। বারবার অভিযোগ করার পরেও প্রশাসন চুপ ছিল। তাই বাধ্য হয়েই আমরা তাঁকে পুলিশের হাতে তুলে দিয়েছি।"

বর্তমানে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। অধ্যাপক রাজদীপ মাইতির বিরুদ্ধে তথ্য প্রযুক্তি আইনে (IT Act) একাধিক ধারায় মামলা দায়ের হতে পারে বলে সূত্রের খবর।


এ ঘটনায় ফের একবার প্রশ্ন উঠছে, সোশ্যাল মিডিয়ার অপব্যবহার করে মহিলাদের অপমান এবং প্রশাসনের নিষ্ক্রিয়তা নিয়ে। পরিস্থিতি কোন দিকে মোড় নেয়, সেটাই এখন দেখার।

# সিনেমার খবর

## কঙ্গনার দাবি: 'অশ্লীল ছবি চাইতেন হৃতিক, পাঠাতেন নিজেরটাও'

স্টাফ রিপোর্টার, রোজদিন






বলিউডে হৃতিক রোশন ও কঙ্গনা রানাউতের তিক্ত দ্বন্দ্ব নতুন নয়, তবে সম্প্রতি পুরোনো বিতর্কে যোগ হয়েছে আরও বিস্ফোরক অভিযোগ। কঙ্গনার ভাষ্য, 'কৃষ ৩' (২০১৩)-এর শুটিং চলাকালে হৃতিকের সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা গড়ে ওঠে; ২০১৬-র এক সাক্ষাৎকারে তিনি নাম না করেই সাবেক প্রেমিকের 'হয়রানি' তুলে ধরেন। তখনই শুরু হয় আইনি লড়াই।

কঙ্গনার আইনজীবীদের দাবি, অভিনেত্রী ও হৃতিকের মধ্যে চলমান ইমেইল আলাপনে নায়ক কর্তৃক নগ্ন ছবি চাওয়ার প্রমাণ আছে; হৃতিক নিজেও ব্যক্তিগত ছবি পাঠাতেন। অন্যদিকে হৃতিক রোশন সাইবার সেলে অভিযোগ জানান—কঙ্গনা 'ইম্পোস্টার' (জাল আইডি ব্যবহারকারী) কারও সঙ্গে কথোপকথন করেছেন, ওই মেইল তাঁর নয়। দু'জনই একে অন্যকে মানহানি মামলা করে।

কঙ্গনা প্রকাশ্য টিভি সাক্ষাৎকারে হৃতিককে 'কাপুরুষ' ও 'মিথ্যাবাদী' বলে আখ্যা দেন এবং কুপ্রস্তাবের অভিযোগ তোলেন। হৃতিক প্রকাশ্যে পাল্টা মন্তব্য এড়িয়ে যান, আইনি প্রক্রিয়ায় অটল থাকেন। সাইবার সেলের তদন্তে 'ইমেইল-ইম্পোস্টার' তত্ত্বের সত্যতা এখনো চূড়ান্ত হয়নি, ফলে মামলাটির নিষ্পত্তি ঝুলে আছে।

সোশ্যাল মিডিয়ায় নতুন করে আলোচনায় আসায় এই দীর্ঘ টানাপোড়েন আবারও বলিউডের শিরোনামে। ভক্ত-দর্শকের কৌতূহল—কবে শেষ হবে কঙ্গনা-হৃতিকের 'নগ্ন-ইমেইল' কাহিনি?

## হলিউডে বিশেষ সম্মান পেলেন দীপিকা



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের অন্যতম সফল অভিনেত্রী দীপিকা পাড়ুকোন এবার আন্তর্জাতিক মঞ্চে আরও একটি বড় ইতিহাস গড়লেন। হলিউডের বিখ্যাত ওয়াক অফ ফেম-এর ২০২৫ সালের মোশন পিকচার বিভাগের জন্য তাঁর নাম মনোনীত হয়েছে। দীপিকা হলেন প্রথম এবং একমাত্র ভারতীয় অভিনেত্রী হিসেবে সম্মানে ভূষিত হলেন।

হলিউড চেম্বার অফ কমার্স সম্প্রতি ২০২৫ সালের ওয়াক অফ ফেম-এ স্থানপ্রাপ্ত বিশিষ্টদের তালিকা প্রকাশ করেছে। সেই তালিকায় দীপিকার পাশাপাশি রয়েছেন ডেমি মুর, এমিলি ব্লান্ট, র‍্যাচেল ম্যাক অ্যাডামস, স্ট্যানলি টুসি এবং টিমোথি চালামেটের মতো বিশ্ববিখ্যাত তারকারা।

দীপিকা পাড়ুকোন ২০১৭ সালে 'XXX: Return of Xander Cage' ছবির মাধ্যমে তিনি হলিউডে পা রাখেন। এর আগেও টাইম ম্যাগাজিন তাঁকে ২০১৮ সালে বিশ্বের ১০০ জন প্রভাবশালী ব্যক্তির একজন হিসেবে বেছে নিয়েছিল। এছাড়াও তিনি টাইম ১০০ ইমপ্যাক্ট অ্যাওয়ার্ড এবং ফিফা বিশ্বকাপে ট্রফি উন্মোচনের মতো মঞ্চে ভারতকে প্রতিনিধিত্ব করেছেন।

এখন পর্যন্ত দীপিকার তিনটি বলিউড সিনেমা একাধিকবার ১০০০ কোটির ঘর পার করেছে। অভিনয়ের পাশাপাশি মানসিক স্বাস্থ্য নিয়ে তাঁর কাজও প্রশংসিত হয়েছে আন্তর্জাতিক স্তরে।

## ১৭ বছর পর ফের পর্দায় অক্ষয়-সাইফ জুটি

স্টাফ রিপোর্টার, রোজদিন



১৭ বছর পর ফের একসঙ্গে বড়পর্দায় দেখা যাবে বলিউডের দুই জনপ্রিয় অভিনেতা অক্ষয় কুমার এবং সাইফ আলি খানকে। প্রবীণ পরিচালক প্রিয়দর্শনের আসন্ন হাই-অক্টেন থ্রিলার ছবিতে একসঙ্গে অভিনয় করছেন এই জুটি। ছবির নামও ইতিমধ্যেই প্রকাশ্যে এসেছে 'হাইওয়ান'। নাম ঘোষণার পর থেকেই ছবিটি নিয়ে উৎসাহের পারদ তুঙ্গে।

'হাইওয়ান' মূলত ২০১৬ সালের সুপারহিট মালয়ালম ছবি 'ওপ্পামে'র হিন্দি রিমেক। মালয়ালম ছবিটিতে মোহনলাল মুখ্য ভূমিকায় অভিনয় করেছিলেন। বলিউড রিমেকে অক্ষয় কুমারকে এবার দেখা যাবে খলনায়কের চরিত্রে। সাইফ আলি খানও এক গুরুত্বপূর্ণ চরিত্রে থাকছেন।

২০০৮ সালের 'তাশান'-এর পর এই প্রথমবার পর্দায় ফিরছে অক্ষয়-সইফ জুটি। তাঁদের আগের অন-স্ক্রিন কেমিস্ট্রি এক সময় দর্শকদের দারুণ মন জয় করেছিল। সেই পুরনো রসায়ন আবার ফিরে আসবে কি না, এখন সেটাই দেখার।

ছবির সঙ্গে ঘনিষ্ঠ একটি সূত্র জানিয়েছে, 'হাইওয়ান' নামটি একাধিক বিকল্পের মধ্যে থেকে বেছে নেওয়া হয়েছে, কারণ এটি গল্পের থিম ও চরিত্রগুলির গভীরতা সবচেয়ে ভালোভাবে প্রকাশ করে। থ্রিলারধর্মী এই গল্পের অন্ধকার ও রহস্যময় পরিবেশকে আরও জোরালো করে তুলতে এই নামটি যথাযথ বলে মনে করা হচ্ছে।

'হাইওয়ান'-এর শুটিং শুরু হতে চলেছে আগামী অগস্টে। সব কিছু ঠিকঠাক চললে, ছবিটি ২০২৬ সালে মুক্তি পেতে পারে। ইতিমধ্যেই ভক্তরা প্রতীক্ষায় দিন গুনতে শুরু করেছেন।

অক্ষয় কুমার সম্প্রতি প্রিয়দর্শনের আরেকটি ছবি 'ভূত বাংলা'র শুটিং শেষ করেছেন। অন্যদিকে, সাইফ আলি খান শেষ বার দেখা গিয়েছেন 'জুয়েল থিফ'-এ, যেখানে তাঁর পারফরম্যান্স দারুণ প্রশংসিত হয়েছিল। এখন 'হাইওয়ান'-এর মাধ্যমে তাঁরা আবারও প্রমাণ করতে চলেছেন, পরিণত অভিনয়ে এখনও তাঁরা বলিউডের প্রথম সারির তারকা।

# পঞ্চম ম্যাচেও জোড়া গোলের কীর্তি মেসির, দারুণ জয় মিয়ামির

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্লাব বিশ্বকাপের পর থেকেই দুর্দান্ত ছন্দে আছেন লিওনেল মেসি। মাঠে নামলেই যেন গোলের বন্যা বইয়ে দিচ্ছেন। শনিবার মেজর লিগ সকারে (এমএলএস) ন্যাশভিলের বিপক্ষে ফের জোড়া গোল করে ইন্টার মিয়ামিকে এনে দিলেন ২-১ ব্যবধানের দারুণ এক জয়।

গত সপ্তাহেই মেসি প্রথম খেলোয়াড় হিসেবে এমএলএস-এ টানা চার ম্যাচে একাধিক গোল করে রেকর্ড গড়েন। এবার সেই রেকর্ডকে পাঁচ ম্যাচে উন্নীত করলেন। এই জয়ে ইন্টার মায়ামি টানা পাঁচটি ম্যাচে জয় তুলে নিল এবং সাপোর্টার্স' শিল্ড তালিকায় পঞ্চম স্থানে উঠে এল। মেসির এমন ফর্মে উড়ছে ইন্টার মিয়ামি। গোল, জয় আর ইতিহাস—সব একসঙ্গে লিখে চলেছেন এই ফুটবল জাদুকর।

এখন পর্যন্ত চলতি মৌসুমে ১৬ ম্যাচে ১৬ গোল করে মেসি



ন্যাশভিলের স্যাম সারের সঙ্গে যৌথভাবে গোলদাতার তালিকার শীর্ষে রয়েছেন।

ফ্লোরিডার ফোর্ট লডারডেলে ম্যাচের ১৭তম মিনিটে দুর্দান্ত এক ফ্রি কিক থেকে ম্যাচের প্রথম গোল করেন মেসি। বাঁ পায়ের নিচু শটে প্রতিপক্ষের প্রাচীর ও গোলরক্ষককে ফাঁকি দিয়ে বল জড়ান জালে। এটি ছিল সরাসরি ফ্রি কিক থেকে মেসির ৬৯তম গোল এবং ইন্টার মায়ামির হয়ে তার ষষ্ঠ ফ্রি কিক গোল।

এটি ছিল টানা ছয়টি এমএলএস ম্যাচে মেসির গোল, যা তার আগের সেরা টানা সাত ম্যাচের রেকর্ডের এক ধাপ পেছনে। ম্যাচের ৬২তম মিনিটে দ্বিতীয় গোলটি করেন মেসি। ন্যাশভিল গোলরক্ষক জো উইলিসের ভুল পাস কেটে নিয়ে ঠান্ডা মাথায় তাকে কাটিয়ে বল জালে পাঠান মেসি।

বার্সেলোনার হয়ে ২০১২ সালে লা লিগায় টানা ছয় ম্যাচে একাধিক গোল করার পর এই প্রথম মেসি এমন ফর্ম দেখালেন। মেসির প্রথম গোলের পর ন্যাশভিলের হয়ে হানি মুকতার অ্যান্ডি নাজারের দারুণ ক্রস থেকে সমতা ফেরান। তবে মেসির দ্বিতীয় গোলেই জয় নিশ্চিত করে মায়ামি।

এই হারে ন্যাশভিলের সব প্রতিযোগিতা মিলিয়ে এপ্রিলের মাঝামাঝি থেকে চলা ১০ ম্যাচের অপরাজেয় যাত্রা থেমে গেল। যা ছিল এমএলএস-এর চলতি সময়ের সবচেয়ে দীর্ঘ অপরাজেয় রেকর্ড এবং ক্লাবটির ইতিহাসের সেরা ধারাবাহিকতা।

এই জয়ে ইন্টার মায়ামি ইস্টার্ন কনফারেন্সের শীর্ষে থাকা ফিলাডেলফিয়া ইউনিয়ন ও এফসি সিনসিনাটির সঙ্গে পয়েন্ট ব্যবধান ৫-এ নামিয়ে এনেছে। ক্লাব বিশ্বকাপে অংশগ্রহণের কারণে মায়ামির হাতে এখনো তিনটি ম্যাচ বাকি।

## ক্লাব বিশ্বকাপের ফাইনালে রাতে মুখোমুখি পিএসজি-চেলসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নতুন সংস্করণের ফিফা ক্লাব বিশ্বকাপের পর্দা নামছে আজ রবিবার (১৩ জুলাই)। দীর্ঘ টুর্নামেন্ট শেষে ৬২টি ম্যাচ খেলে বিদায় নিয়েছে ৩০টি দল। এখন অপেক্ষা কেবল চ্যাম্পিয়নের মুকুট কে পরে এই প্রশ্নের উত্তর জানার। সেই উত্তরের মঞ্চে আজ মুখোমুখি হচ্ছে ইউরোপিয়ান ফুটবলের দুই শক্তিশালী ক্লাব প্যারিস সেন্ট জার্মেইন (পিএসজি) ও চেলসি।

নিউ জার্সির বিখ্যাত মেটলাইফ স্টেডিয়ামে (৮২,৫০০ ধারণ ক্ষমতা) ভারতের সময় রাত 12.30টায় মাঠে নামবে দুই দল।

পিএসজির জন্য এটি হতে পারে এক ইতিহাস গড়ার রাত। মে মাসে চ্যাম্পিয়নস লিগের ফাইনালে ইন্টার মিলানকে ৫-০ গোলে উড়িয়ে প্রথমবার ইউরোপিয়ান চ্যাম্পিয়ন হওয়ার পর এবার তাদের সামনে বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার হাতছানি। জয় পেলে মৌসুমে ঘরে তুলবে ঘরোয়া লিগ, ইউরোপ ও বিশ্ব সব মিলিয়ে ট্রেবল ট্রফি।

পিএসজি কোচ লুইস এনরিকে ফাইনালের আগে বলেন,'শুরু থেকেই আমাদের লক্ষ্য ছিল মৌসুমের প্রতিটি শিরোপা জয়। এটা খুব কম দলই করতে পারে। আমরা আত্মবিশ্বাসী, তবে অতিরিক্ত আত্মতুষ্ট নই। মাঠে কঠিন প্রতিদ্বন্দ্বিতা হবে, তবে আমরা প্রস্তুত।'

অন্যদিকে, কিছুটা আন্ডারডগ তকমা নিয়েই ফাইনালে নামছে ইংলিশ ক্লাব চেলসি। চলতি মৌসুমে কেবল উয়েফা কনফারেন্স লিগ জিতেছে তারা। তবে ক্লাব বিশ্বকাপ জুড়ে দুর্দান্ত খেলেছে ব্লুজরা, সেমিফাইনালে রিয়াল মাদ্রিদের মতো শক্তিশালী দলকে হারিয়ে ফাইনালে জায়গা করে নিয়েছে তারা।

চেলসি অধিনায়ক রিস জেমস বলেন,'পিএসজি শক্তিশালী, তবে এটা একটি ফাইনাল—একটি ম্যাচের লড়াই। আমরা তাদের সম্মান করি, কিন্তু ভয় পাই না। আমরা এখানে জিততেই এসেছি।'

দুই দলের মধ্যকার পরিসংখ্যানেও রয়েছে হাড্ডাহাড্ডি প্রতিদ্বন্দ্বিতা। সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে ১০ বার মুখোমুখি হয়েছে তারা। এর মধ্যে পিএসজি জিতেছে ৩ বার, চেলসির জয় ২টি এবং ৫টি ম্যাচ শেষ হয়েছে ড্রয়ে।

## 'বিশ্রামে থাকো দিয়োগো এবং আন্দ্রে, তোমাদের মিস করবো'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সড়ক দুর্ঘটনায় মারা গেছেন লিভারপুল ও পর্তুগাল জাতীয় দলের তারকা ফরোয়ার্ড দিয়োগো জোতা। আজ সকালে স্পেনের জামোরা প্রদেশে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান এই প্রতিভাবান ফুটবলার।

দিয়োগো জোতার মৃত্যুতে ফুটবল বিশ্বে শোকের ছায়া নেমে এসেছে। পর্তুগাল জাতীয় দলের তারকা ক্রিস্টিয়ানো রোনালদো নিজের ভ্যারিফায়েড ফেসবুক পেজে শোক প্রকাশ করে লিখেছেন, 'এটার কোনো মানে হয় না। আমরা তো সবে জাতীয় দলে একসাথে ছিলাম, তুমি তো সদ্য বিয়ে করেছিলে। তোমার পরিবার, স্ত্রী এবং সন্তানদের প্রতি আমার গভীর সমবেদনা। তাদের জন্য আমি পৃথিবীর সব শক্তি কামনা করি। আমি জানি, তুমি সবসময় তাদের পাশে থাকবে। বিশ্রামে থাকো, দিওগো এবং আন্দ্রে। আমরা সবাই তোমাদের খুব মিস করবো।'

একই দুর্ঘটনায় মারা গেছেন তার



ভাই আন্দ্রে সিলভাও। তিনিও একজন পেশাদার ফুটবলার ছিলেন।

স্প্যানিশ সংবাদমাধ্যম মার্কা জানিয়েছে, জামোরায় জোতা ও আন্দ্রের গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে ছিটকে পড়ে এবং সঙ্গে সঙ্গে আগুন ধরে যায়। ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়।

মাত্র দুই সপ্তাহ আগেই শৈশবের প্রেমিকা রুতে কারদোসোকে বিয়ে করেন জোতা। গত ২২ জুন পর্তুগালের পোর্তো শহরে অনুষ্ঠিত হয় তাদের বিয়ে এবং ২৮ জুন সেই বিয়ের ছবি সামাজিক মাধ্যমে শেয়ার করেছিলেন জোতা। স্ত্রী রুতে ও তিন সন্তানকে নিয়েই জীবনের নতুন অধ্যায় শুরু করেছিলেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR